

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৭০৯

আগরতলা, ২০ মার্চ, ২০২৬

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে
রাজ্যপালের শুভেচ্ছা

ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু রাজ্যবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, ঈদ-উল-ফিতর পবিত্র রমজান মাসে রোজা রাখার সমাপ্তি ঘোষণা করে। এটি এমন একটি মাস, যখন সমগ্র মানবজাতীর জন্য সর্বশক্তিমানের আশীর্বাদ, ক্ষমা এবং করুণা লাভের উদ্দেশ্যে প্রার্থনা করা হয়। পবিত্র রমজান মাসটি মূলত সৎ চিন্তা সহ মানুষের প্রতি হৈতেষী মনোভাব গড়ে তোলার লক্ষ্যে পালন করা হয়। এটি আমাদের দান-খয়রাত, পরোপকার এবং উদারতার কথা স্মরণ করিয়ে দেয়। এই উৎসব রাজ্যের জনগণের মাঝে আনন্দ, ভালোবাসা, সুখ-শান্তি, সমৃদ্ধি এবং ভ্রাতৃত্বের বন্ধন বয়ে আনুক।
